লোকনাথপুর–পরানপুর সড়কে ফের ভয়াবহ দুর্ঘটনা: জামায়াত নেতাসহ আহত ২

দামুড়হুদার লোকনাথপুর–পরানপুর সড়কে আবারও একটি মর্মান্তিক সড়ক দুর্ঘটনা ঘটেছে। আজ রবিবার সকাল ৮টার দিকে সোহেলের পোল্ট্রি ফার্মের পাশে একটি দ্রুতগামী প্রাইভেটকার ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে দুইজন গুরুতর আহত হয়েছেন।

আহতদের মধ্যে একজনের পরিচয় নিশ্চিত করা গেছে। তিনি দর্শনা পরানপুর ৫ নম্বর ওয়ার্ড জামায়াতের সভাপতি মনিরুল ইসলাম।

দুর্ঘটনার পর স্থানীয়রা অত্যন্ত আশঙ্কাজনক অবস্থায় তাকেসহ অপর আহত ব্যক্তিকে উদ্ধার করে দ্রুত চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পাঠান। বর্তমানে চিকিৎসকরা তাদের নিবিড় পর্যবেক্ষণে রেখেছেন।

স্থানীয়দের সঙ্গে কথা বলে জানা গেছে, লোকনাথপুর–পরানপুর সড়কের এই নির্দিষ্ট স্থানটিতে প্রায়ই ছোট-বড় দুর্ঘটনা ঘটছে।

এলাকাবাসীর অভিযোগ, রাস্তার দুই পাশে দীর্ঘদিন ধরে জমে থাকা বড় বড় ঝোপঝাড়ের কারণে দৃষ্টিসীমা মারাত্মকভাবে ব্যাহত হয়। বিপরীত দিক থেকে আসা কোনো গাড়ি বা মোটরসাইকেল চালক একে অপরকে দেখতে পান না, যা এসব দুর্ঘটনার প্রধান কারণ হিসেবে দাঁড়িয়েছে।

বিশেষ করে স্থানীয়দের দেওয়া তথ্য অনুযায়ী, ঠিক এই একই স্থানে গত পাঁচ দিন আগেও একটি মর্মান্তিক মোটরসাইকেল দুর্ঘটনায় দুই জনেই প্রাণ হারিয়েছিলেন। একের পর এক এমন প্রাণঘাতী ঘটনায় পুরো এলাকায় চরম আতঙ্ক ও শোকের ছায়া নেমে এসেছে।

বারবার দুর্ঘটনা ঘটার পরও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃশ্যমান কোনো পদক্ষেপ না থাকায় তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন স্থানীয় বাসিন্দারা।

তাদের দাবি অবিলম্বে লোকনাথপুর–পরানপুর সড়কের উভয় পাশের বিপজ্জনক ঝোপঝাড় ও জঙ্গল দ্রুত পরিষ্কার করতে হবে।

“দুর্ঘটনা ঘটার পর ব্যবস্থা নয়—দুর্ঘটনা রোধে আগেই প্রয়োজনীয়

ব্যবস্থা নেওয়া হোক”

এই স্লোগানকে সামনে রেখে এলাকাবাসী উপজেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনের জরুরি ও কঠোর হস্তক্ষেপ কামনা করেছেন। প্রাণহানি এড়াতে এবং সাধারণ মানুষের নিরাপদ যাতায়াত নিশ্চিত করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন এমনটাই সকলের প্রত্যাশা।

দামুড়হুদার কার্পাসডাঙ্গায় পানিতে ডুবে শিশুর মর্মান্তিক মৃত্য

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গায় পুকুরের পানিতে ডুবে সিয়াম (৩) নামে এক শিশুর মর্মান্তিক মৃত্য হয়েছে। রোববার (৪ অক্টোবর) সকাল সাড়ে ৮টার দিকে নিজ বাড়ির পাশে পুকুরে পড়ে এ ঘটনা ঘটে। নিহত সিয়াম উপজেলার কার্পাসডাঙ্গা মাঝেরপাড়া এলাকার শফিকুল ইসলামের ছেলে।

পুলিশ ও নিহতর পারিবারিক সূত্রে জানা যায়, রোববার সকালে সিয়াম নিজ বাড়ি থেকে পার্শ্ববর্তী দোকানে চিপস কিনতে যাওয়ার সময় রাস্তার পাশে একটি পুকুরে তার হাত থেকে ১০ টাকা একটি নোট পানিতে আমার সাবধানতা বসত পড়ে যায়। পানি থেকে টাকাটি উদ্ধার করার সময় পানিতে ডুবে যায় সিয়াম। এরপর এলাকাবাসী পুকুর থেকে মরদেহ লাশ উদ্ধার করে।

নিহতর বাবা শফিকুল ইসলাম জানান, রোববার সকালে তার ছেলে সিয়াম বাড়ির পার্শ্ববর্তী দোকানে চিপস কিনতে গেলে এ ঘটনা ঘটে।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজবাহ উদ্দিন ঘটনা সত্যতা নিশ্চিত করে জানান, খবর পেয়ে থানা পুলিশের টিম ঘটনাস্থলে পৌঁছেছে। এ ব্যাপারে থানা একটি অপমৃত্যু মামলা হবে বলেও তিনি জানান।

দর্শনায় পুলিশের ওপর হামলা করে হ্যান্ডকাফসহ পালাল আ.লীগ নেতা, আটক ৪

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন চণ্ডীপুর এলাকায় পুলিশের হেফাজত থেকে হ্যান্ডকাফসহ এক পলাতক আসামি পালিয়ে গেছেন। বুধবার রাত ৯টার দিকে চণ্ডীপুর গ্রামে এ ঘটনা ঘটে।

পুলিশের হেফাজত থেকে পালিয়ে যাওয়া আসামির নাম আবু ছিদ্দিক (৫৫)। তিনি কুড়ুলগাছি ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি, স্থানীয় ইউপি সদস্য এবং চণ্ডীপুর বাজারপাড়া গ্রামের মৃত উম্বাত আলীর ছেলে। তার বিরুদ্ধে আগে থেকেই একটি পুরোনো মামলায় গ্রেপ্তারি পরোয়ানা ছিল বলে জানা গেছে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, পুরোনো মামলার পলাতক আসামি আবু ছিদ্দিককে গ্রেপ্তার করতে বুধবার রাতে দর্শনা থানা পুলিশের একটি বিশেষ দল চণ্ডীপুর গ্রামে অভিযান পরিচালনা করে। অভিযানকালে পুলিশ তাকে আটক করে হ্যান্ডকাফ পরায়। এ সময় তার স্বজন ও অনুসারীরা সংঘবদ্ধ হয়ে পুলিশের ওপর অতর্কিত হামলা চালায় এবং কাজে বাধা সৃষ্টি করে। এই সুযোগে আবু ছিদ্দিক হ্যান্ডকাফসহ দৌড়ে পালিয়ে যান। স্থানীয়দের হামলায় পুলিশের দুজন সদস্য আহত হয়েছেন।

ঘটনার পর পরই আসামি আবু ছিদ্দিককে পুনরায় গ্রেপ্তার করতে চুয়াডাঙ্গা জেলা পুলিশের পক্ষ থেকে পুরো জেলাজুড়ে বিশেষ তল্লাশি ও নজরদারি জোরদার করা হয়েছে। এদিকে পুলিশের কাজে বাধা প্রদান ও হামলার ঘটনায় জড়িত সন্দেহে নারীসহ চারজনকে আটক করা হয়েছে।

আটককৃতরা হলেন—চণ্ডীপুর হালদারপাড়ার রবি হালদারের ছেলে লক্ষ্মণ, সেলিমের ছেলে ফিরোজ, সঞ্চয়ের স্ত্রী কণা এবং সনজিতের স্ত্রী সোনালী।

ঘটনার সত্যতা নিশ্চিত করে দামুড়হুদা-জীবননগর সার্কেলের অতিরিক্ত

পুলিশ সুপার মো. নুরুল্লাহ বলেন, আওয়ামী লীগ নেতা আবু ছিদ্দিককে আটক করতে গেলে তার পরিবারের সদস্য ও অনুসারীরা পুলিশের ওপর আক্রমণ চালায়। এতে আমাদের দুজন পুলিশ সদস্য আহত হন। আসামিকে পুনরায় গ্রেপ্তার করতে আমাদের অভিযান অব্যাহত রয়েছে।

দর্শনা থানার ওসি (তদন্ত) মো. মুখলেসুর রহমান জানান, পুলিশের হেফাজত থেকে আসামি পালিয়ে যাওয়ার বিষয়টি গুরুত্বের সাথে দেখা হচ্ছে। ঘটনাটি কীভাবে ঘটেছে এবং কারা সরাসরি ইন্ধন দিয়েছে তা খতিয়ে দেখে আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে।

দামুড়হুদায় জিয়া মঞ্চের ৩৩তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) এর সহযোগী সংগঠন জিয়া মঞ্চের ৩৩তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে দামুড়হুদায় র্যালি, কেক কাটা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) বিকেল সাড়ে ৪টার দিকে দামুড়হুদা উপজেলা সদরের চৌরাস্তা মোড়ে বিএনপির অস্থায়ী কার্যালয়ে দামুড়হুদা উপজেলা জিয়া মঞ্চের উদ্যোগে এসব কর্মসূচি অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা জিয়া মঞ্চের সভাপতি আবুল কালাম আজাদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

প্রধান অতিথির বক্তব্যে রফিকুল হাসান তনু বলেন, “জিয়া মঞ্চের প্রতিষ্ঠাবার্ষিকী শুধু একটি সংগঠনের প্রতিষ্ঠাবার্ষিকী নয়, এটি সংগঠনের নেতাকর্মীদের ঐক্য, শৃঙ্খলা ও সাংগঠনিক কার্যক্রমকে আরও শক্তিশালী করার একটি উপলক্ষ। গণতান্ত্রিক মূল্যবোধ ও মানুষের অধিকার প্রতিষ্ঠায় সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। পাশাপাশি সংগঠনের নেতাকর্মীদের মানুষের পাশে থেকে সামাজিক ও সাংগঠনিক কার্যক্রম অব্যাহত রাখার আহ্বান জানাই।”

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি আব্দুল ওয়াহেদ, যুগ্ম সাধারণ সম্পাদক সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাসেম।

এ সময় আরও উপস্থিত ছিলেন জিয়া মঞ্চের চুয়াডাঙ্গা জেলা শাখার সিনিয়র সহ-সভাপতি মো. ডালিম হোসেন, সহ-সাধারণ সম্পাদক মো. আহসান হাবীব, দামুড়হুদা উপজেলা জিয়া মঞ্চের সিনিয়র সহ-সভাপতি মো. কবির উদ্দিন মোড়ল, সহ-সভাপতি মো. ইকবাল হোসেন মাস্টার, সহ-সভাপতি মো. মোশারফ হোসেন, প্রভাষক আবুল কালাম, মো. তারিক কাজী ইমরান ও অবসরপ্রাপ্ত আর্মি কর্মকর্তা মো. শফিকুল ইসলামসহ সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

আলোচনা সভায় বক্তারা জিয়া মঞ্চের প্রতিষ্ঠাবার্ষিকীর তাৎপর্য তুলে ধরেন এবং সংগঠনের বিভিন্ন কার্যক্রম নিয়ে আলোচনা করেন। পরে কেক কেটে জিয়া মঞ্চের ৩৩তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়।

দামুড়হুদায় সেলাই মেশিন, স্প্রে মেশিন ও শিক্ষা উপকরণ বিতরণ

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার ৬নং হাউলী ইউনিয়ন পরিষদে ২০২৫-২০২৬ অর্থ-বছরের ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা তহবিল (ইউপি উন্নয়ন সহায়তা) এর আওতায় দুস্থ নারীদের মাঝে সেলাই মেশিন, কৃষকদের মাঝে স্প্রে মেশিন, অসহায়দের জন্য চিকিৎসা সামগ্রী এবং মেধাবী শিক্ষার্থীদের মাঝে স্কুল ব্যাগ ও টিফিন বক্স বিতরণ করা হয়েছে।

সোমবার (২৯ সেপ্টেম্বর) সকালে হাউলী ইউনিয়ন পরিষদের বাস্তবায়নে পরিষদ কার্যালয়ে বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

৬নং হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দীন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার লাভলী ইয়াসমিন। এসময় তিনি বলেন, সরকারের উন্নয়ন

সহায়তা তহবিলের উদ্দেশ্য হলো তৃণমূলের মানুষের জীবনমান উন্নয়ন করা। সেলাই মেশিন পেয়ে নারীরা স্বাবলম্বী হবেন, স্প্রে মেশিন কৃষি কাজে সহায়ক হবে এবং শিক্ষা উপকরণ মেধাবী শিক্ষার্থীদের লেখাপড়ায় উৎসাহ যোগাবে।

হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি মোঃ ইউসুফ আলীর সঞ্চালনায় এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

এছাড়াও আরও উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি আব্দুল ওয়াহেদ, সহ-সভাপতি সোলেমান মল্লিক, হাউলী ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা মনিরুজ্জামান, হাউলী ইউনিয়ন বিএনপির সহ-সভাপতি মহিউদ্দীন, সাধারণ সম্পাদক নাফিস আক্তার সিদ্দিকী, যুগ্ম সাধারণ সম্পাদক কামরুজ্জামান, সাংগঠনিক সম্পাদক মালেক রুস্তম, ইউপি সদস্য জাহাঙ্গীর আলম টিক্কা, শহিদুল ইসলাম, আব্দুল হান্নান পটু, শাহাজামালসহ ইউনিয়ন পরিষদের সদস্য, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, উপকারভোগী ও শিক্ষার্থীরা।

পরে অতিথিবৃন্দ আনুষ্ঠানিকভাবে উপকারভোগীদের হাতে তুলে দেন ২৪টি সেলাই মেশিন,২১টি স্প্রে মেশিন, ১২০টি স্কুল ব্যাগ, ১২০টি টিফিন বক্স,৮টি চেয়ার,৫টি বিপনি মেশিন,৫টি ডিজিটাল থার্মোমিটার, ৩টি ডায়বেটিস মাপামেশিন।

ইজিবাইক আটকানোর প্রতিবাদে দামুড়হুদায় মহাসড়ক অবরোধ, সাড়ে ৪ ঘণ্টা পর প্রত্যাহার

চুয়াডাঙ্গার দামুড়হুদায় ইজিবাইক আটক ও জরিমানা আদায়ের প্রতিবাদে মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন ইজিবাইক চালকেরা।

রোববার (২৭ সেপ্টেম্বর) সকাল ১০টা থেকে দুপুর আড়াইটা পর্যন্ত চুয়াডাঙ্গা-দর্শনা মহাসড়কের দামুড়হুদা বাসস্ট্যান্ড এলাকায় এ

ঘটনাস্থলে গিয়ে ইজিবাইক চালকদের সঙ্গে কথা বলেন। এ সময় তারা চালকদের আশ্বস্ত করে জানান, বিষয়টি জেলা প্রশাসকের সঙ্গে আলোচনা করে ব্যারিকেড তুলে দেওয়ার ব্যবস্থা করা হবে।

প্রশাসনের আশ্বাসের পর ইজিবাইক চালকেরা অবরোধ প্রত্যাহার করে নেন। এরপর মহাসড়কে যান চলাচল স্বাভাবিক হয়।

অবরোধের কারণে রোগীবাহী অ্যাম্বুলেন্স, শিক্ষার্থীসহ সাধারণ যাত্রীরা চরম ভোগান্তিতে পড়েন। দীর্ঘ সময় মহাসড়কে যান চলাচল বন্ধ থাকায় চুয়াডাঙ্গা-দর্শনা সড়কে ব্যাপক যানজটের সৃষ্টি হয়।

দর্শনায় মশাল মিছিলের মামলায় যুবলীগ নেতাসহ গ্রেফতার ৬

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা থানা এলাকায় নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের মশাল মিছিল, সরকারবিরোধী কর্মকাণ্ড ও সন্ত্রাসী কার্যক্রমের অভিযোগে দায়ের করা মামলার আসামি পৌর যুবলীগ নেতা ফলেহার হোসেন (৪২)সহ ওয়ারেন্টভুক্ত ৬ জনকে গ্রেফতার করেছে পুলিশ।

রোববার (২৭ সেপ্টেম্বর) ভোররাতে দর্শনা থানা পুলিশের পৃথক অভিযানে বিভিন্ন এলাকা থেকে তাদের গ্রেফতার করা হয়।

গ্রেফতার ফলেহার হোসেন দামুড়হুদা উপজেলার দর্শনা পৌর এলাকার রামনগর গ্রামের মৃত রমজান মন্ডলের ছেলে। তিনি দর্শনা পৌর যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক।

গ্রেফতার অন্যরা হলেন—মো. ঝন্টু (৪৭), লিটন (৩৮), মোতালেব হোসেন (৪০), লিমন ওরফে আলফাজ (৪৫) ও শাওন ইসলাম (২২)।

দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (তদন্ত) মোখলেসুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, গত ৩ সেপ্টেম্বর রাতে দর্শনা থানা এলাকায় নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের নেতাকর্মীরা একটি মশাল মিছিল বের করেন। এ ঘটনায় সরকারবিরোধী মিছিল ও সন্ত্রাসী

কর্মকাণ্ডের অভিযোগে মামলা করা হয়। ওই মামলায় ফলেহার হোসেনকে গ্রেফতার করা হয়েছে। এছাড়া পৃথক অভিযানে পাঁচজন ওয়ারেন্টভুক্ত আসামিকে গ্রেফতার করা হয়।

পুলিশ জানায়, গ্রেফতারদের রোববার দুপুরে চুয়াডাঙ্গা বিজ্ঞ আদালতে পাঠানো হয়েছে। সন্ত্রাসী ও নাশকতামূলক কর্মকাণ্ডের বিরুদ্ধে দর্শনা থানা পুলিশের অভিযান অব্যাহত রয়েছে।

দামুড়হুদায় ৫ ছাগল চুরি; স্বীকারোক্তির ভিডিও ধারণ করায় হামলা, গুরুতর আহত ১

চুয়াডাঙ্গার দামুড়হুদায় ছাগলের খামার থেকে পাঁচটি ছাগল চুরির ঘটনায় অভিযুক্তদের বাড়িতে গিয়ে জিজ্ঞাসাবাদ ও স্বীকারোক্তির ভিডিও ধারণ করায় এক ব্যক্তির ওপর হামলার অভিযোগ উঠেছে। হামলায় রানা (৪৩) নামে এক ব্যক্তি গুরুতর আহত হয়েছেন। তার মাথায় ১০টি সেলাই দেওয়া হয়েছে।

এ ঘটনায় ভুক্তভোগী রানা দামুড়হুদা মডেল থানায় একটি লিখিত এজাহার দায়ের করেছেন। তিনি কুড়ালগাছি বাজারপাড়ার মৃত আব্দুল মতালেবের ছেলে।

এজাহারে অভিযুক্তরা হলেন কার্পাসডাঙ্গা নতুনপাড়ার জাহাঙ্গীর হোসেনের ছেলে ফেরদৌস আলী (৫০) ও মামুন হোসেন (৩২)। এছাড়া অজ্ঞাতনামা আরও ৬/৭ জনকে আসামি করা হয়েছে।

এজাহার সূত্রে জানা যায়, দামুড়হুদা থানার পাটাচোরা গ্রামের শেখপাড়ায় রানার ভাগ্নে আব্দুল্লাহ-আল-মামুনের একটি ছাগলের খামার রয়েছে। গত বৃহস্পতিবার রাত ৮টা থেকে শুক্রবার সকাল ৭টার মধ্যে ওই খামার থেকে চারটি গাভি ও একটি মেড়া ছাগলসহ মোট পাঁচটি ছাগল চুরি হয়। চুরি যাওয়া ছাগলগুলোর আনুমানিক বাজারমূল্য এক লাখ টাকা বলে এজাহারে উল্লেখ করা হয়েছে।

পরবর্তীতে স্থানীয়ভাবে খোঁজখবর নিয়ে রানা জানতে পারেন, এ ঘটনায় ফেরদৌস আলী ও মামুন হোসেন জড়িত বলে অভিযোগ রয়েছে।

পরে স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের উপস্থিতিতে তিনি অভিযুক্তদের বাড়িতে গিয়ে জিজ্ঞাসাবাদ করেন। এ সময় তারা চুরির ঘটনায় জড়িত থাকার কথা স্বীকার করেন বলে এজাহারে দাবি করা হয়েছে। ওই স্বীকারোক্তির ভিডিও ধারণ করা হয়।

এজাহারে আরও বলা হয়, ভিডিও ধারণ করে ফেরার পথে শুক্রবার বিকেল আনুমানিক ৩টার দিকে দামুড়হুদার বাঘাডাঙ্গা গ্রামের রাইসা ভাটার পাশে একটি চায়ের দোকানে অবস্থান করছিলেন রানা। এ সময় অভিযুক্তরা পূর্বপরিকল্পিতভাবে ধারালো রামদা, লোহার রড ও জিআই পাইপ নিয়ে তার ওপর হামলা চালায়।

অভিযোগ অনুযায়ী, মামুন হোসেনের নির্দেশে ফেরদৌস আলী ধারালো রামদা দিয়ে রানার মাথায় কোপ দেন। এতে তার মাথার ডান পাশে গুরুতর কাটা জখম হয় এবং ১০টি সেলাই দিতে হয়। এ সময় অন্য অভিযুক্তরা লোহার রড ও জিআই পাইপ দিয়ে তার মাথা, ঘাড়, পিঠ ও হাতে এলোপাতাড়ি মারধর করে বলে এজাহারে উল্লেখ করা হয়েছে।

এ সময় ফেরদৌস আলী ঘটনার প্রত্যক্ষদর্শী জাহাঙ্গীর আলম (৩৩)-এর কাছে থাকা চুরির স্বীকারোক্তির ভিডিও ধারণকৃত একটি ভিভো স্মার্টফোন ছিনিয়ে নেন বলেও অভিযোগ করা হয়েছে।

পরে স্থানীয়দের সহায়তায় রানা উদ্ধার হয়ে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা নেন। হামলাকারীরা তাকে প্রকাশ্যে প্রাণনাশের হুমকি দিয়েছে বলেও এজাহারে উল্লেখ করা হয়েছে।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ শেখ মেজবাহ উদ্দিন বলেন, “লিখিত অভিযোগ পাওয়া গেছে। তদন্ত সাপেক্ষে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।”

দামুড়হুদায় কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা ও মতবিনিময়

দামুড়হুদা উপজেলার প্রাথমিক, মাধ্যমিক, মাদ্রাসা ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং জিপিএ-৫ ও বৃত্তিপ্রাপ্ত কৃতি শিক্ষার্থীদের সাথে মতবিনিময় সভা ও সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে এ মতবিনিময় সভা ও কৃতি শিক্ষার্থী সংবর্ধনা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক লুৎফুন নাহার।

দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) লাভলী ইয়াসমিনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা ওদুদ শাহ ডিগ্রি কলেজের গভর্নিং বডির সভাপতি ও উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ শেখ মেসবাহ্ উদ্দিন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মশিউর রহমান, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আবু হাসান, উপজেলা একাডেমিক সুপারভাইজার রাফিজুল ইসলাম, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, একাডেমিক সুপারভাইজার রাফেজুল ইসলাম প্রমূখ।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন দামুড়হুদা মডেল মসজিদের পেশ ইমাম হাফেজ মাওলানা মামুনুর রশীদ।

পবিত্র গীতা থেকে পাঠ করেন সাবেক শিক্ষক নারায়ণ চন্দ্র পাল। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন দামুড়হুদা গার্লস স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ ফাহমিদা রহমান।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক লুৎফুন নাহার শিক্ষার্থীদের মেধা ও শিক্ষাক্ষেত্রে অর্জনকে অভিনন্দন জানান। তিনি শিক্ষার্থীদের ভালো ফলাফলের পাশাপাশি নৈতিকতা, শৃঙ্খলা ও মানবিক মূল্যবোধে গড়ে ওঠার ওপর গুরুত্বারোপ করেন। একই সঙ্গে শিক্ষা প্রতিষ্ঠানগুলোর শিক্ষার মানোন্নয়ন ও শিক্ষার্থীদের জন্য সুন্দর শিক্ষার পরিবেশ নিশ্চিত করতে সংশ্লিষ্টদের আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানান।

মতবিনিময় সভায় উপজেলার প্রাথমিক, মাধ্যমিক, মাদ্রাসা ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের সঙ্গে শিক্ষা কার্যক্রমের নানা বিষয় নিয়ে আলোচনা করা হয়। শিক্ষার মানোন্নয়ন, শিক্ষার্থীদের মেধা বিকাশ এবং শিক্ষা প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ উন্নয়নের বিভিন্ন দিক তুলে ধরা হয়।

এদিকে অনুষ্ঠানে মাধ্যমিক পর্যায়ে ট্যালেন্টপুলে বৃত্তিপ্রাপ্ত ২০০ জন এবং প্রাথমিক পর্যায়ে বৃত্তিপ্রাপ্ত ১৫৬ জনসহ মোট ৩৫৬ জন কৃতি শিক্ষার্থীকে সংবর্ধনা দেওয়া হয়। সংবর্ধিত শিক্ষার্থীদের প্রত্যেককে লাল গোলাপ ও রজনীগন্ধার শুভেচ্ছা জানানো হয় এবং তাদের হাতে উপহার সামগ্রী তুলে দেওয়া হয়।

অনুষ্ঠানে উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, শিক্ষক, অভিভাবক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

সংশ্লিষ্টরা বলেন, কৃতি শিক্ষার্থীদের এমন আয়োজন তাদের শিক্ষাজীবনে আরও উৎসাহ জোগাবে। পাশাপাশি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের সঙ্গে প্রশাসনের মতবিনিময়ের মাধ্যমে উপজেলার শিক্ষার সার্বিক মানোন্নয়নে কার্যকর ভূমিকা রাখবে এ আয়োজন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা প্রাথমিক অফিসার আবু হাসান।

দামুড়হুদার কালিয়াবকরি দুর্ধর্ষ ডাকাতি, নগদ টাকা- স্বর্ণালঙ্কার লুট

দামুড়হুদা উপজেলার কালিয়াবকরী গ্রামে এক বাড়িতে ডাকাতির ঘটনা ঘটেছে। মুখোশধারী সশস্ত্র ডাকাতরা পরিবারের সদস্যদের অস্ত্রের মুখে জিম্মি করে নগদ টাকা ও স্বর্ণালঙ্কার মিলিয়ে প্রায় আড়াই লক্ষ টাকার লুট করে নিয়ে গেছে।স্থানীয় ও ভুক্তভোগী পরিবারের সূত্রে জানা গেছে, রোববার (২০সেপ্টেম্বর) রাত আনুমানিক ২টার দিকে উপজেলার কালিয়াবকরী গ্রামের মাঝের পাড়ার গোলাম মন্ডলের

বাড়িতে এ ঘটনা ঘটে।

একদল মুখোশধারী সশস্ত্র ব্যক্তি বাড়ির ছাদ দিয়ে এবং দরজা ভেঙে ঘরের ভেতরে প্রবেশ করে। পরে তারা দেশীয় অস্ত্র ও আগ্নেয়াস্ত্র দেখিয়ে পরিবারের সদস্যদের জিম্মি করে ফেলে। এ সময় চিৎকার করলে প্রাণে মেরে ফেলার হুমকি দেওয়া হয় বলে পরিবারের সদস্যরা জানান।একপর্যায়ে ডাকাতরা আলমারির চাবি নিয়ে নেয়। পরে আলমারি ও ঘরের বিভিন্ন আসবাবপত্র তছনছ করে নগদ টাকা ও বিপুল পরিমাণ স্বর্ণালঙ্কার লুট করে। এরপর পরিবারের সদস্যদের জিম্মি অবস্থায় রেখেই ডাকাতরা দ্রুত ঘটনাস্থল ত্যাগ করে।

ঘটনার খবর পেয়ে রোববার সকালে দামুড়হুদা মডেল থানা পুলিশের একটি দল ঘটনাস্থল পরিদর্শন করে। পুলিশ ঘটনাস্থল থেকে বিভিন্ন আলামত সংগ্রহের পাশাপাশি ঘটনার সঙ্গে জড়িতদের শনাক্ত ও লুণ্ঠিত মালামাল উদ্ধারে অভিযান শুরু করেছে বলে জানা গেছে।এদিকে, জনবহুল এলাকায় মধ্যরাতে এমন ডাকাতির ঘটনায় স্থানীয়দের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়েছে। দ্রুত ডাকাতদের শনাক্ত করে গ্রেপ্তার এবং লুট হওয়া মালামাল উদ্ধারের দাবি জানিয়েছেন এলাকাবাসী। একই সঙ্গে রাতে এলাকায় পুলিশি টহল আরও জোরদারের দাবি জানান তারা।